ইরানের বিরুদ্ধে যুদ্ধ দ্রুত শেষ হওয়ার দাবি ট্রাম্পের



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের বিরুদ্ধে চলমান যুদ্ধ খুব শিগগিরই শেষ হবে বলে আবারও মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। হরমুজ প্রণালীতে বাণিজ্যিক জাহাজে হামলার ঘটনা বাড়ার মধ্যেই তিনি এ কথা বললেন।

ট্রাম্প বলেন, কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালীর ওপর যুক্তরাষ্ট্রের পূর্ণ নিয়ন্ত্রণ রয়েছে। ইরানের নৌবাহিনী, বিমানবাহিনী, রাডার ব্যবস্থা ও আকাশ প্রতিরক্ষাব্যবস্থাও ধ্বংস হয়েছে বলে দাবি করেন তিনি।

অ্যারিজোনার বুলহেড সিটিতে এক সমাবেশে বক্তব্য দিতে গিয়ে ট্রাম্প বলেন, ইরানের প্রথম সারির নেতারা আর ক্ষমতায় নেই। তাঁদের জায়গায় দ্বিতীয় ও তৃতীয় সারির নেতারা এলেও তাঁদের অনেকে নিহত হয়েছেন। তৃতীয় সারির নেতাদের অর্ধেকও মারা গেছেন বলে উল্লেখ করেন তিনি। ট্রাম্প আরও বলেন, তাঁকে আর কাউকে হত্যা না করার প্রতিশ্রুতি দিতে বলা হয়েছিল এবং তিনি তাতে সম্মতি দিয়েছেন।

ইরানে হামলার কারণে তেহরানের সঙ্গে আলোচনায় জটিলতা তৈরি হয়েছে বলেও ইঙ্গিত দেন মার্কিন প্রেসিডেন্ট। এ প্রসঙ্গে তিনি বলেন, ‘সম্ভবত আমি একটু বেশিই করে ফেলেছি। আমি দুঃখিত, কারণ এখন আমরা কার সঙ্গে আলোচনা করছি, তা-ই আর বুঝতে পারছি না।’